### আদা হলুদ ব্রত

আদা হলুদ ব্রতের সময় বা কাল – চৈত্র মাসের মহাবিষুব সংক্রান্তিতে এই ব্রত নিতে হয় আর সধবা স্ত্রীলোক এরাই এই ব্রত নিতে পারে।

আদা হলুদ ব্রতের নিয়ম – চৈত্র মাসের সংক্রান্তি থেকে আরম্ভ করে সারা বৈশাখ মাস প্রতিদিন একজন এয়োকে একমুঠো ধান, একমুঠো ধনে, পাঁচটি হলুদ, পাঁচটি টুকরো আদা, বিভিন্ন মিষ্টি ও পয়সা দিয়ে ব্রত পালন করার নিয়ম এইভাবে এই ব্রত চার বছর করে শেষে বছরে উদযাপন করতে হয়।

আদা হলুদ ব্রতের দ্রব্য ও উদযাপনের নিয়ম – শেষে বছরে চার জনে ও স্ত্রীকে আমন্ত্রণ করে বেশ তৃপ্তির সঙ্গে ভোজন করাতে হবে ও প্রত্যেককে কড় লোহা (নোয়া), সিঁদুর, আলতা, মাথার চিরুনি,

আয়না ও সামর্থ্য কুলালে শাড়ি বা গামছা দিতে হবে কিন্তু যাকে দিয়ে প্রথম ব্রত নেওয়া হয়েছে তাকে কাপড়, সোনার নোয়া, রুপোর সিঁদুর কৌটো, আয়না, চিরুনি, পাখা ও ষোলআনা দক্ষিণা দেওয়া কর্তব্য।

আদা হলুদ ব্রতের ফল – এই ব্রত পালন করলে বৈধব্য যন্ত্রণা ভোগ করতে হয় না

মন্ত্র –
আদা হলুদ ব্রত করে এই পেলোম বরং
এ জীবনে থাকবে নাকো বৈধব্যের ডর।।

Published on: Jan, 09 2023 14:27